

সংবাদ

জগন্নাথ বিশ্ববিদ্যালয় দখলে নিতে মরিয়া শিবির : ক্যাডারদের মহড়া

প্রতিনিধি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম চালু হতে না হতে সশস্ত্র শিবির ক্যাডাররা ক্যাম্পাসে দখলে নিতে মরিয়া হয়ে উঠেছে। গতকাল মঙ্গলবার ভোরে ফজরের নামায শেষে প্রায় ২০০ সশস্ত্র শিবির ক্যাডার ক্যাম্পাসে ঢুকেছে। তারা বাণিজ্য ভবন, কলা ভবন ও বিজ্ঞান ভবনের সামনে অবস্থান নিয়ে ক্যাম্পাসে মহড়া দিয়েছে। ভোর থেকে দুপুর ১টা পর্যন্ত তারা সশস্ত্র অবস্থায় ক্যাম্পাসে দখলে রেখেছে। শিবির ক্যাডারের জগৎবে কপেজের সাধারণ ছাত্রছাত্রীদের মধ্যে আতঙ্ক বিস্তার করেছে।

অন্যদিকে শিবির ক্যাডারদের প্রতিহত

করতে দুপুরের দিকে ছাত্রলীগ ও জাতীয়তাবাদী ছাত্রদলসহ অন্যান্য সংগঠনের নেতাকর্মীরা ক্যাম্পাসে জমায়েত হতে থাকে। তারা বিভিন্ন বিভাগে পাশটা অবস্থান নিলে ক্যাম্পাস পরিষ্কৃতি উত্তপ্ত হয়ে ওঠে। গত ৩/৪ দিন ধরে ক্যাম্পাসে শিবিরের মহড়ার কারণে ক্যাম্পাস জুড়ে ধমধমে অবস্থা বিরাজ করেছে। নিরাপত্তার জন্য ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়েছে।

সুত্র জানায়, শিবির ক্যাডাররা জগন্নাথ বিশ্ববিদ্যালয় নিজেদের নিয়ন্ত্রণে নিতে রাজধানী ও কেরলীগঞ্জ, কামরাসীরচর এলাকার মেসওনোতে অবস্থানরত শিবির কর্মীদের জগন্নাথে জড়ো করেছে। এছাড়াও জিনজিরা, কান্দিদি, গোলান্বাজারসহ বিভিন্ন এলাকার মসজিদ-মেন থেকে শিবির ক্যাডার প্রতিদিন জগন্নাথে জমায়েত হয়ে বিভিন্ন বিভাগে গিয়ে সাংগঠনিক তৎপরতা চালিয়ে বলে অভিযোগ রয়েছে।

উল্লেখ্য, গত ২/৩ মাস ধরে শিবির ক্যাডাররা জগন্নাথে তাদের একক নিয়ন্ত্রণ নেয়ার জন্য মরিয়া হয়ে উঠেছে। এ নিয়ন্ত্রণের আগে কয়েক দফা সংঘর্ষ হয়েছে। ছাত্রলীগ ও ছাত্রদল এই সময় তাদের বিভাজিত করে। এখন আবার তারা ক্যাম্পাস নিজেদের দখলে নেয়ার জন্য মরিয়া হয়ে মাঠে নেমেছে।